গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/ ৯৪৬ (২৮) তারিখ: ১৮ শ্রাবণ, ১৪২৪ বঃ / ২ আগস্ট, ২০১৭ খ্রিঃ

## কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪/২০১৭

বিষয়: **Cash Carrying Vehicle নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

AG Automobile Limited, Cash Carrying Vehicle নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছে। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | AG Automobile Limited |
| আবেদনকারির ঠিকানা | ২৭, দিলখুশা, বা/এ, ঢাকা-১০০০। |
| টেলিফোন নম্বর | ০১৭১৩-০৯১১৮৬ |
| ই-মেইল ঠিকানা | iqbal ahmed@anwargroup.net |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Cash & Valuables Carrying Vehicle |
| যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে | CBU |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | থাইল্যান্ড |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | ৮৭০৫.৯০.৯০ |

২। **আমদানিয় পণ্যের বিবরণ/ ব্যবহার/ উপযোগিতা:**

আলোচ্য আবেদনে উল্লেখ আছে, আলোচ্য Ford Ranger, Cash-in-transit, Mode: Ranger double cab নামক পণ্যে person পরিবহনের জন্য সামনে ড্রাইভারের সিটসহ ৫ (পাচঁ) টি সিট বিদ্যমান। এতে Double cabin এবং মোট ৫ (পাচঁ) টি দরজা বিদ্যামান। এর gross vehicle weight rating ৫ টনের কম এবং পণ্য পরিবহনের জন্য এর **separate closed rear area** বিদ্যমান। আলোচ্য পণ্যটি CBU অবস্থায় আমদানি হয়েছে, যা Diesel চালিত এবং Cylinder Capacity 2.2L (2200cc) or 3.2L (3200cc)। এতে Standard Features হিসেবে অর্থ ও মূল্যবান জিনিস বা goods পরিবহনের জন্য high security এবং mesh weave, heat resistant insulation and multiple protection layers সম্পন্ন Cash carrier box, panic alarm, high load cargo vehicle suspension system, enhanced fuel filtration system (warm climate), fire extinguisher (1kg, cabin mount), safety kit, wheel nut indicators বিদ্যমান। এছাড়া Optional Features হিসেবে tinted window film, clear safety window film, bulbar, underbody skid plate light guards (front and rear), heavy duty side steps, rollover protection system, locking wheelnuts, speed limiter, GPS navigation system, heavy duty battery, 2-way radio (motorola GM360), rear view camera, reversing alarm, coolant level alarm, coolant block heater, water-in-fuel audible alarm, recovery pack, magnetic worklight বিদ্যমান। অতএব দেখা যাচ্ছে যে, উল্লিখিত গাড়িটি অর্থ ও মূল্যবান জিনিস বা goods পরিবহনের জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত।

৩। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

আলোচ্য পণ্যটির gross vehicle weight rating ৫ টনের কম এবং পণ্য পরিবহনের জন্য এর **separate closed rear area** বিদ্যমান। আলোচ্য পণ্যটি CBU অবস্থায় আমদানি হয়েছে, যা Diesel চালিত এবং Cylinder Capacity 2.2L (2200cc) or 3.2L (3200cc)। এতে Double cabin এবং মোট ৫ (পাচঁ) টি দরজা বিদ্যামান। Explanatory Notes, Volume 5 এর পৃষ্ঠা-XVII-8704-1 এর হেডিং নোট এ উল্লেখ আছে, The classification of certain motor vehicle in this heading determined by **certain features which indicate that the vehicles are designed for the transport of goods** rather than for the transport of persons. These features are especially helpful in determining the classification of motor vehicles, generally vehicles having a gross vehicle weight rating of less than 5 tones, which have either a **separate closed rear area** or an open rear platform normally used for the transport of goods. এছাড়া WCO এর Classification opinion এ double cab এবং পৃথক loading platform

বিশিষ্ট motor vehicle কে সাব-হেডিং ৮৭০৪.২১ এর অধীন শ্রেণিবিন্যাস করা হয়েছে। উল্লিখিত উল্লিখিত বর্ণনা ও পরিস্থিতির কারণে আলোচ্য পণ্যটি হেডিং ৮৭.০৫ এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য নয় বরং হেডিং ৮৭.০৪ এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। **অগ্রিম রুলিংঃ**

AG Automobile Limited কর্তৃক আমদানিয় Cash Carrying Vehicle, Ford Ranger, Cash-in-transit, Mode: Ranger double cab নামক পণ্যটি General Interpretative Rules (GIR) এর Rule 1 & 6 অনুযায়ী Double cabin pickup in CBU condition, g.v.w. not exceeding 5 tones হিসেবে Cylinder Capacity এর উপর ভিত্তিকরে এইচ.এস.কোড ৮৭০৪.২১.১৪/ ৮৭০৪.২১.১৫ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতাঃ**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) AG Automobile Limited এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে AG Automobile Limited রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
মোঃ লুৎফর রহমান
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও সদস্য, কাস্টমস নীতি

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/ ৯৪৬ (২৮)

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৪ বঃ
২ আগস্ট, ২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। জেনারেল ম্যানেজার, AG Automobile Limited, ২৭, দিলখুশা, বা/এ, ঢাকা-১০০০।

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৯। অফিস কপি/ গার্ড নথি।

02.08.17

মোঃ শরফুদ্দিন মিঞা
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
টেলিফোনঃ ৮৩১৮১০১-৮ এবং ৮৩১৮১২০-২৬, এক্স-৪২৪
ই-মেইলঃ nbrclassification@gmail.com